গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন ( বিএসটিআই )
বিভাগীয় কার্যালয়, বাইপাস সড়ক, নওদাপাড়া, সপুরা,
রাজশাহী-৬২০৩।
ফোন:০২৪৭৮৬০৮৭৪,ই-মেইল:
bsti_raj@yahoo.com,
ওয়েবসাইট:www.bstirajshahi.gov.bd/www.bsti.gov.bd

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৬.০৫.৫০০০.০০৩.০৬.৭০৭.১৭.৬৫০

**বিষয়: বিএসটিআই বিভাগীয় অফিস, রাজশাহী এর কার্যক্রম সংক্রান্ত সেপ্টেম্বর-২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ সাইফুল ইসলাম, উপপরিচালক (সিএম) ও অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয় অফিস , রাজশাহী।
সভার স্থান : বিএসটিআই বিভাগীয় অফিস রাজশাহী এর সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ০৩-০৯-২০২৩ খ্রিঃ, সকাল ১১.০০ মিঃ।
উপস্থিতি : সংলগ্নী 'ক' তে দেয়া হলো।

সভাপতি শুরুতে উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২০২৪) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সকলকে তাদের স্বাক্ষরিত স্ব স্ব IAP অনুযায়ী কাজে সচেষ্ট হওয়ার আহবান জানান। মোবাইল কোর্ট ও সার্ভিল্যান্স অভিযান আরো বৃদ্ধি করা, সাম্প্রতিককালে এসআরও (SRO) জারীকৃত বাধ্যতামূলক নতুন ১০ টি পণ্যের মধ্যে যে সকল পণ্যের উৎপাদনকারী / বাজারজাতকারী অত্র অফিসের আওতাভূক্ত তাদের সিএম সনদ প্রদানে সচেষ্ট হওয়া; বকেয়া বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ; প্রত্যেক ফিল্ড অফিসার (সিএম) এবং পরিদর্শক (মেট) তাদের দায়িত্বপ্রাপ্ত এলাকার অবৈধ প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ; পোল্ট্রি ফিড/ফিস ফিড, ফেসওয়াশ এবং ব্যাটারীর পানির সিএম সনদ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ; সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান এবং ডি-নথির মাধ্যমে শতভাগ নথি উপস্থাপন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনামূলক আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | এপিএ (APA) এবং আইএপি (IAP) সংক্রান্ত। | ২০২৩-২০২৪ এর স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক টার্গেট পূরণে সকলকে কাজে সচেষ্ট হওয়ার জন্য আলোচনা করা হয় । অত্র মাসে এপিএ এর অন্যান্য প্যারামিটারে লক্ষ্যমাত্রা অর্জিত হলেও সিএম লাইসেন্স প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়। | স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (২০২৩-২০২৪) লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে তাদের স্বাক্ষরিত স্ব স্ব IAP অনুযায়ী কর্ম সম্পাদন করতে হবে। স্বাক্ষরিত APA & IAP সমূহ ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। একই সাথে সিএম লাইসেন্স প্রদান লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে। | এপিএ (APA) এবং আইএপি (IAP) তে স্বাক্ষরকারী অত্রাফিসের সকল কর্মকর্তা/কর্মচারী। ফোকাল পয়েন্ট-ওয়েল পোর্টাল/ফিল্ড অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মোবাইল কোর্ট এবং সার্ভিল্যান্স বিষয়ক আলোচনা। | সিএম সংক্রান্ত 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন-২০১৮' এবং মেট্রোলজীর 'ওজন ও পরিমাপ মানদন্ড আইন ২০১৮' ভংগকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট, সার্ভিল্যান্স অভিযানের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখা এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে নিয়মিত সার্ভিল্যান্স কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা। | বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম সনদবিহীন প্রতিষ্ঠান এর বিরুদ্ধে এবং ওজন ও পরিমাপে কারচুপি রোধকল্পে 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন-২০১৮' এবং 'ওজন ও পরিমাপ মানদন্ড আইন ২০১৮' অনুযায়ী মোবাইল কোর্ট/ সার্ভিল্যান্স অভিযান আরো বৃদ্ধি করতে হবে।<br>সার্ভিল্যান্স অভিযান পরিচালনাকালে অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিত করে লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে । লাইসেন্সবিহীন যে সকল প্রতিষ্ঠান লাইসেন্স গ্রহন করবে না তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা করতে হবে।লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের পণ্যের মান যাচাই এর জন্য নিয়মিতভাবে কারখানা ও বাজার হতে নমুনা সংগ্রহপূর্বক পরীক্ষা করতে হবে । | ফিল্ড অফিসার এবং পরিদর্শকগণ |
| ০৪ | বকেয়া বিলের তালিকা হালনাগাদকরণ। | জেলা ভিত্তিক বকেয়া বিলের তালিকা হালনাগাদকরতঃ অফিস প্রধান বরাবর জমা দেয়া , মোড়কজাতকরণ নিবন্ধন সনদ প্রদানের নিমিত্তে বকেয়া বিল পরিশোধের তাগিদ দেওয়া। একাধিকবার তাগিদ দেওয়া স্বত্তেও প্রতিষ্ঠান বিল পরিশোধ না করলে প্রয়োজনে প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক চালু প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করার উপর গুরুত্বারোপ করা হয়। | জেলা ভিত্তিক সিএম এবং মোড়কজাতকরণের বকেয়া বিলের তালিকা হালনাগাদকরতঃ পরবর্তী সভার পূর্বেই অফিস প্রধান বরাবর জমা দিতে হবে। উল্লেখ বকেয়া বিলের তালিকায় মন্তব্যে মাস ও ফোন নম্বর উল্লেখ থাকবে এবং বর্তমান Status উল্লেখ করতে হবে। একাধিকবার তাগিদ দেওয়া স্বত্তেও প্রতিষ্ঠান বিল পরিশোধ না করলে প্রয়োজনে প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক চালু প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। নর্থবেঙ্গাল সুগার মিলের বকেয় বিল আদায়ে ব্যবস্থা গ্রহন করতে হবে। | সকল ফিল্ড অফিসার এবং পরিদর্শক |
| ০৫ | সিএম লাইসেন্স ও মোড়কজাত সনদ নিবন্ধন নবায়ন সংক্রান্ত আলোচনা। | যে সকল প্রতিষ্ঠানের সিএম লাইসেন্স ও মোড়কজাত সনদ নিবন্ধন এর মেয়াদ ২০২৩ পূর্ববর্তী সালে উত্তীর্ণ হয়ে গেছে সে সব প্রতিষ্ঠানের বিষয়ে আলোচনা। | যে সকল প্রতিষ্ঠানের সিএম লাইসেন্স ও মোড়কজাত সনদ নিবন্ধন এর মেয়াদ ২০২৩ সাল পূর্ববতী উত্তীর্ণ হয়ে গেছে সে সব প্রতিষ্ঠানকে সিএম লাইসেন্স/মোড়ক নিবন্ধন নবায়ন করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | সকল ফিল্ড অফিসার এবং পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | ক্লে-ব্রিকস্ এর সিএম সনদ ,চাউল পণ্যের মোড়কজাতকরণ নিবন্ধন সনদ নবায়ন/ প্রদান কার্যক্রম । | যে সকল জেলায় বন্যার পানি ওঠে নাই সে সকল জেলার ইটভাটা পরিদর্শনপূর্বক বকেয়া বিল আদায় ও সিএম সনদ প্রদান/ নবায়ন এর লক্ষ্যে কার্যক্রম জোরদারকরণে সার্ভিল্যান্স অভিযান পরিচালনা, ইট ভাটা মালিক সমিতির প্রতিনিধিদের সাথে মিটিং এর ব্যবস্থা করা এবং নওগাঁ জেলার অটো রাইস মিল সমিতির সাথে চাউলের মোড়কজাতকরণ নিবন্ধন সনদ প্রদানের বিষয়ে স্টেকহোল্ডার মিটিং নিয়ে আলোচনা করা হয়। | ইট ( ক্লে-ব্রিকস্ ) এর বকেয়া বিল আদায় ও সিএম সনদ প্রদান/ নবায়ন এর লক্ষ্যে সার্ভিল্যান্স অভিযান পরিচালনা/ আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। একই সাথে চাউল পণ্যের মোড়কজাতকরণ নিবন্ধন সনদ প্রদানের লক্ষ্যে **অত্র মাসে নওগাঁ জেলা চাউল মিল মালিক সমিতির সাথে মিটিং এর আয়োজন করতে হবে।** | উপপরিচালক (মেট), সহকারী পরিচালক(সিএম), সহকারী পরিচালক(মেট) ও সংশ্লিষ্ট ফিল্ড অফিসার ( সিএম) ও পরিদর্শক (মেট) |
| ০৭ | অবৈধ প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ | প্রত্যেক ফিল্ড অফিসার ( সিএম) এবং পরিদর্শক ( মেট ) দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট এলাকার অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিত করে তালিকা প্রস্তুতপূর্বক লাইসেন্স/ মোড়কজাত নিবন্ধনের আওতায় আনতে নির্দেশনামূলক আলোচনা করা হয়। | ফিল্ড অফিসার (সিএম) এবং পরিদর্শক (মেট) গণ স্ব স্ব দায়িত্বপ্রাপ্ত এলাকার অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিত করে জেলাভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক লাইসেন্স/নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ করিবে। অবৈধ প্রতিষ্ঠানের তালিকা প্রতি মাসেই হালনাগাদ করতে হবে। উক্ত তালিকা পরবর্তী মাসিক সভার পূর্বে অফিস প্রধান বরাবর দাখিল করতে হবে। | সকল ফিল্ড অফিসার (সিএম) এবং পরিদর্শক ( মেট ) |
| ০৮ | বাধ্যতামূলক নতুন পণ্যের বিষয়ে আলোচনা। | সাম্প্রতিককালে জারীকৃত এসআরও (SRO) অনুযায়ী বাধ্যতামূলক ১০ টি নতুন পণ্যের সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সাম্প্রতিককালে জারীকৃত এসআরও (SRO) অনুযায়ী বাধ্যতামূলক ১০ টি নতুন পণ্যের মধ্যে অত্র এলাকায় যে সকল পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান আছে সেগুলো চিহ্নিতকরণকরতঃ আবেদন গ্রহণ করে সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। । | সকল ফিল্ড অফিসার (সিএম) |
| ০৯ | নিষিদ্ধ ঘোষিত ১৮ টি স্কিন ক্রিম এবং ১ টি স্কিন লোশন পণ্যের বিষয়ে আলোচনা। | বিএসটিআই কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ১৮ টি স্কিন ক্রিম এবং ১ টি স্কিন লোশন পণ্য দোকান/ সুপারসপে পাওয়া গেলে তার বিরুদ্ধে অভিযান পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। | বিএসটিআই কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ১৮ টি স্কিন ক্রিম এবং ১ টি স্কিন লোশন পণ্য বিক্রয় / বিতরণকারী চিহ্নিত করে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | সকল ফিল্ড অফিসার ( সিএম) |
| ১০ | সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান। | বিভিন্ন সময় লক্ষ্য করা যাচ্ছে যে,সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে বিভিন্ন কার্যক্রম প্রক্রিয়াকরণ হচ্ছে না। এতে করে স্টেক হোল্ডারগণ সঠিক সময়ে সেবা গ্রহণ করতে পারছেন না। সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত সময়ে সকল সেবা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে সিএম কার্যক্রম এবং ওজন ও পরিমাপক বিষয়ক সেবা কার্যক্রম সম্পাদন করতে হবে। সঠিক মোড়ক বা প্যাকেট, মূসক ও অন্যান্য ডকুমেন্টস আবেদনের সাথেই গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা /কর্মচারী ও ইনচার্জ-ওয়ান স্টপ সার্ভিস। |
| ১১ | ডি-নথির মাধ্যমে নথি উপস্থাপন। | সকল কাযক্রমের ফাইল ডি-নথির মাধ্যমে উপস্থাপনের নিমিত্ত সম্প্রতি ইন্টারনেট সংযোগের মাধ্যমে সেবা আরও দ্রুততর করা হয়েছে। একটি আবেদনের শুরু হতে শেষ পর্যন্ত নথির সকল কাযক্রমডি-নথির মাধ্যমে উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | অত্র অফিসের সকল কাযক্রমের ফাইল ডি-নথির মাধ্যমে উপস্থাপন অব্যাহত রাখতে হবে। লাইসেন্স/নিবন্ধনের আবেদনের শুরু হতে শেষ পর্যন্ত নথির সকল কাযক্রম ডি-নথির মাধ্যমে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা /কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মেট্রোলজির ক্যালিব্রেশন ও ভেরিফিকেশন কার্যক্রম সংক্রান্ত। | সকল ধরণের ক্যালিব্রেশন ও ভেরিফিকেশন কার্যক্রমের ক্ষেত্রে বকেয়া ফি আদায় করতঃ ভেরিফিকেশন ও ক্যালিব্রেশন সনদ দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। ব্যালান্স ক্যালিব্রেশন রাজশাহীতে সম্পাদন করার জন্য সিএম লাইসেন্স গ্রহণকারী প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট ফিল্ড অফিসারকে পরামর্শ দেয়ার বিষয়ে আলোচনা হয়। | ক্যালিব্রেশন ও ভেরিফিকেশন কার্যক্রমের ক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান সঠিক সময়ে ক্যালিব্রেশন/ভেরিফিকেশন কার্যক্রম গ্রহণ করে নাই সে সকল প্রতিষ্ঠানের পূর্ববর্তী বকেয়া ফি আদায়পূর্বক ক্যালিব্রেশন/ভেরিফিকেশন সনদ ইস্যু করতে হবে। ডিজিটাল ব্যালান্স ক্যালিব্রেশন রাজশাহীতে সম্পাদন করার স্কোপ থাকায় সিএম লাইসেন্স গ্রহণকারী প্রতিষ্ঠান এর ব্যবহৃত ব্যালান্স অত্রাফিস হতে ক্যালিব্রেশন করার জন্য সংশ্লিষ্ট ফিল্ড অফিসারগণ পরামর্শ প্রদান করবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (মেট্রোলজি/সিএম) |
| ১৩ | ল্যাবরেটরি সংক্রান্ত | আইএসও ১৭০২৫ অনুযায়ী ল্যাব এক্রিডিটেশনের জন্য সকল ডকুমেন্টস যথাসময়ে প্রস্তুত করতে হবে।<br>জ্যাম ও চানাচুর এর নমুনা চিঠি এখন হতে আলাদাভাবে জমা দেয়ার বিষয়ে আলোচনা। | আইএসও ১৭০২৫ অনুযায়ী ল্যাব এক্রিডিটেশনের জন্য আবেদিত ৫ টি প্যারামিটার এর সকল ডকুমেন্টস আইএসও/আইইসি:১৭০২৫ অনুযায়ী প্রস্তুত করতে হবে।<br>জ্যাম ও চানাচুর এর নমুনা জমাদান পত্র আলাদাভাবে দিতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (রসায়ন/সিএম) |
| ১৪ | বিএসটিআই'র কার্যক্রমের প্রচার প্রচারণা সংক্রান্ত। | বিএসটিআই'র সকল কার্যক্রমের বিশেষভাবে মোবাইল কোর্ট/সার্ভিল্যান্স এর প্রচার প্রচারণা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে বেশি করে চালাতে হবে। স্ব স্ব জেলার সাংবাদিকদের মোবাইল নং বা ই-মেইল সংগ্রহপূর্বক প্রেস রিলিজ দিতে হবে। পেপার কাটিং সংগ্রহ করে গ্রুপ/ফোরামে পোস্ট করা বিষয়ে আলোচনা। | বিএসটিআই'র সকল কার্যক্রমের বিশেষভাবে মোবাইল কোর্ট/সার্ভিল্যান্স এর প্রচার প্রচারণা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে বেশি বেশি করে প্রচারণা করতে হবে। বিশেষ করে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের স্ব স্ব এলাকার সাংবাদিকদের মোবাইল নং/ই-মেইল সংগ্রহ পূর্বক প্রচারের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২-০৯-২০২৩
মোঃ সাইফুল ইসলাম
উপপরিচালক (সিএম) ও অফিস প্রধান

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক ( মেট্রোলজি ), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
২। সহকারী পরিচালক ( মেট্রোলজি ), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৩। পরিদর্শক (মেট্রোলজি), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৪। পরিদর্শক (মেট্রোলজি), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৫। পরিদর্শক (মেট্রোলজি), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৬। পরিদর্শক (মেট্রোলজি), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৭। প্রধান সহকারী, মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৮। ডাটা এন্ট্রি অপারেটর, মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
৯। সহকারী পরিচালক ( মেট্রোলজি ), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;

১০। পরিদর্শক (মেট্রোলজি), মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১১। সহকারী পরিচালক ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১২। সহকারী পরিচালক ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৩। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৪। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৫। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৬। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৭। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৮। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
১৯। ফিল্ড অফিসার ( সিএম ), সিএম, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
২০। উর্ধ্বতন পরীক্ষক (রসায়ন), রসায়ন ল্যাব, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
২১। সহকারী পরিচালক ( রসায়ন ), রসায়ন ল্যাব, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী;
২২। পরীক্ষক ( রসায়ন ), রসায়ন ল্যাব, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী এবং
২৩। সহকারী পরিচালক ( পদার্থ ), পদার্থ ল্যাব, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী।

**স্মারক নম্বর:** ৩৬.০৫.৫০০০.০০৩.০৬.৭০৭.১৭.৬৫০/১ (১)

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। পিএ টু মহাপরিচালক (গ্রেড-১) (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।

১২-০৯-২০২৩
মোঃ দেলোয়ার হোসেন
ফিল্ড অফিসার ( সিএম )